

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় সিংগাইর, মানিকগঞ্জ ক্ষুদ্র উদ্ভাবনী উদ্যোগ/ইনোভেশন আইডিয়া

শিরোনামঃ মানসম্মত মাছের পোনা বিক্রেতাদের তালিকা ওয়েবপোর্টালে সংরক্ষণের মাধ্যমে মৎস্য চাষীদের সেবা প্রাপ্তি সহজিকরণ।

১। পটভূমিঃ সিংগাইর উপজেলার আপামর জনগোষ্ঠীর খাদ্য নিরাপত্তা, পুষ্টির চাহিদা পূরণ ও অর্থনৈতিক উন্নয়নে মৎস্য খাত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। আধুনিক উন্নত উপজেলা হিসাবে সিংগাইর উপজেলাকে প্রতিষ্ঠিত করে মৎস্য খাতকে অধিকতর বিকশিত করার মাধ্যমে মৎস্য সেবা সহজে জনগনের দোরগোড়ার পৌছাতে বিভিন্ন পদক্ষেপ গ্রহন করা হয়েছে। তারই ধারাবাহিকতায় উদ্ভাবনী ও জনমুখী মৎস্য সেবা প্রতিষ্ঠা এবং সরকার ও নাগরিকদের মধ্যে দূরত্ব কমানোর লক্ষ্যে মাছের পোনা বিক্রেতাদের তালিকা ওয়াবপোর্টালে সংরক্ষণের মাধ্যমে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় সিংগাইর, মানিকগঞ্জ মৎস্য চাষীদের মৎস্য বিষয়ক সেবা সহজিকরণের জন্য উদ্যোগটি গ্রহণ করেছে।

২। উদ্যোগটি কেন গ্রহণ করা হয়েছে: মাছ চাষের ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো গুণগত মান সম্পন্ন পোনা প্রাপ্তি। বিদ্যমান অবস্থায় গুণগত মান সম্পন্ন মাছের পোনার উৎস জানতে হলে মৎস্য দপ্তরে যেতে হয় এবং কর্মকর্তা ও কর্মচারীদের সাথে সাক্ষাতের মাধ্যমে তথ্য পেতে হয়। এছাড়া দাপ্তরিক টেলিফোন বা মোবাইল ফোনের মাধ্যমে তথ্য পাওয়ার সুযোগ থাকলে ও দাপ্তরিক নাম্বার সমূহ মৎস্য চাষীদের কাছে না থাকা, প্রয়োজনের সময় মোবাইল ব্যালেন্স না থাকা এবং অন্যান্য নানান সমস্যার কারণে তা যথাসময়ে পাওয়া সম্ভব হয় না। এ ছাড়া অ্যাপ সমাজিক যোগাযোগ মাধ্যম অন্যান্য ভারুয়াল মাধ্যম ভিত্তিক যোগাযোগ তৈরীর ক্ষেত্রে মান সম্পন্ন পোনার তথ্য বর্তমান সময়ে একান্ত প্রয়োজন।

উল্লিখিত বিষয়সমূহকে লক্ষ্য করে গুণগত মানসম্পন্ন মৎস্য পোনা মৎস্যচাষ কার্যক্রমকে আরো গতিশীল করতে উপজেলা মৎস্য দপ্তর সিংগাইর, মানিকগঞ্জ কর্তৃক ওয়েবপোর্টালে মান সম্পন্ন মৎস্য পোনা বিক্রয়কারীদের তথ্য সরবরাহের মাধ্যমে মৎস্য সেবা সহজিকরণের উদ্ভাবনী এ উদ্যোগটি গ্রহণ করা হয়েছে। উদ্যোগটি বাস্তবায়িত হলে সিংগাইর উপজেলার মান সম্মত মৎস্য পোনা বিক্রেতাদের তথ্য ওয়েব পোর্টালে সংরক্ষিত থাকবে, যার মাধ্যমে আগ্রহী মৎস্য চাষি তাৎক্ষনিকভাবে চাহিদা অনুযায়ী যে কোন স্থান হতে মান সম্মত মাছের পোনা সংগ্রহ করতে পারবে।

৩. বাস্তবায়ন প্রক্রিয়াঃ সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, সিংগাইর, মানিকগঞ্জ কর্তৃক নির্ধারিত ফরমেট অনুযায়ী (পরিশিষ্ট –ক) মান সম্মত মৎস্য পোনা বিক্রেতাদের তথ্য সংগ্রহ করা হবে। মান সম্মত মৎস্য পোনা বিক্রেতা নির্বাচনের ক্ষেত্রে আবশ্যিকভাবে উত্তম বুড মাছে হতে যেন রেণু সংগ্রহ করে তা চাষী পর্যায়ে সরবরাহ করার ফলে চাষীদের ভালো মানের পোনা প্রাপ্তি সহজ হবে। চাষী পর্যায়ে প্রশিক্ষণ প্রাপ্ত হলে ভালো পোনা চিনতে চাষীদের সহজ হবে। এত সিংগাইরে মৎস্য উৎপাদন বৃদ্ধি পাবে।

৪। লগ ফ্রেইম (Log Frame)

ক্রমিক নং	কার্যক্রম	সময়কাল (২০২৪-২০২৫)				
		নভেম্বর	ডিসেম্বর	জানুয়ারী	ফেব্রুয়ারী	মার্চ
১.	মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ					
২.	তথ্য যাচাইকরণ					
৩.	উপজেলা দপ্তরের ওয়েব পোর্টালে তথ্য আপলোডকরণ					

৫। প্রত্যাশিত ফলাফল:

- *অফিসে যাতায়তের জন্য সময়ের অপচয় হবে না।
- * আগ্রহী নাগরিকগণের অতিরিক্ত অর্থ ব্যয় হবে না।
- * তাৎক্ষণিকভাবে যে কোন স্থান থেকে ওয়েবপোর্টাল হতে মানসম্মত মৎস্য পোনা বিক্রেতারদের তথ্য সংগ্রহ করা যাবে।
- *ভাচুয়াল বাজার ব্যবস্থাপনায় মানসম্মত মৎস্য পোনা বিক্রেতাদের ওয়েবপোর্টাল অন্যতম তথ্য ভান্ডার হিসেবে কাজ করবে।



মোছাঃ সাদিয়া রহমান
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
সিংগাইর, মানিকগঞ্জ।

